

সাদা দলে বিএনপি-জামাতপন্থী শিক্ষকদের দ্বন্দ্ব চরমে

## এক লিফলেটে চাকরি হারালেন ঢা.বি প্রক্টর

কাগজ প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিএনপি-জামাত সমর্থিত সাদা দলের শিক্ষকদের মধ্যে চরম অভ্যন্তরীণ ধ্বংসের প্রেক্ষাপটে গতকাল নাটকীয়ভাবে অপসারণ করা হয়েছে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এস এম আতিকুর রহমানকে।  
গতকাল রোববার আকস্মিকভাবে নেওয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এ সিদ্ধান্ত ছিল টক অফ দ্য ক্যাম্পাস। প্রক্টরের অপসারণের ঘটনায় সাদা দল বর্তমানে দুই ভাগে বিভক্ত হয়ে পড়েছে। কর্তৃপক্ষ গতকালই নতুন প্রক্টর হিসেবে অধ্যাপক আকা ফিরোজ আহমেদকে দায়িত্ব দেওয়া হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গত শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সাদা দলের

একটি লিফলেট বিতরণকে কেন্দ্র করে আতিকুর রহমানকে প্রক্টরের পদ থেকে অপসারণ করা হয়েছে।  
সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গত শনিবার সাদা দলের ত্যাগী ও সচেতন সদস্যদের ব্যানারে সাদা দলের শিক্ষকদের প্রতি খোলা চিঠি শিরোনামে একটি লিফলেট বিতরণ করা হয়। লিফলেটে বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসনকে জামাত-শিবির প্রতিষ্ঠাকারী, ছাত্রদলকে হেনস্থা, চরিত্রহীন এবং কুমতোর চরম অপব্যবহারকারী হিসেবে উল্লেখ করে এ বিষয়ে বিভিন্ন উত্তর তুলে ধরা হয়।

লিফলেটটি প্রচার হওয়ার পর বিশ্ববিদ্যালয় প্রশাসনে তোলপাড় শুরু হয়ে

● প্রথম পাতার পর

## এক লিফলেটে চাকরি হারালেন

একটি লিফলেটে আরো বলা হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়কে চট্রগ্রাম এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়কে মতো জামাত-শিবির নিয়ন্ত্রিত বিশ্ববিদ্যালয়ে পরিণত করার জন্য বর্তমানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রশাসনে অবস্থান করা সাদা দল সদস্যগণী শিকড় চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

লিফলেটে উদাহরণ স্বরূপ ৩টি হলের কথা উল্লেখ করে বলা হয়, এ হলেরালাতে জামাতপন্থী শিক্ষকদের প্রভোস্ট পদে বসানো হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন প্রশাসনিক পদে এডহুকি জিতিক প্রচুর সংখ্যক জামাত-শিবিরপন্থী লোকদের নিয়োগ দেওয়া হয়েছে বলেও লিফলেটে উল্লেখ করা হয়।

লিফলেটে আরো বলা হয়, ৬ লাখ টাকা ঘুষ নিয়ে বর্তমান প্রশাসন সহকারী রেজিস্ট্রার পদে নিয়োগ দিয়েছে। এছাড়া সেকশন অফিসার পদে দেড় লাখ টাকা ঘুষ নিয়ে নিয়োগ দেওয়া হয়েছে।

লিফলেটে বলা হয় সাদা দলের জামাতপন্থী শিক্ষকরা বর্তমানে বিএনপি সমর্থক শিক্ষক এবং ছাত্রদলকে কোণঠাসা এবং হেনস্থা করছে। লিফলেটে ডিসিকে জামাতপন্থী হিসেবে চিহ্নিত করে বলা হয় শিবির নেতারা তার সঙ্গে নিয়মিত বৈঠক করে। লিফলেটে উপাচার্যের জামাতপন্থী থেকে সাদা দলকে উদ্ধারের জন্য বিএনপি সমর্থক সাদা দলের শিক্ষকদের প্রতি উদাত্ত আহ্বান জানানো হয়। লিফলেটে বর্তমানে সাদা দলকে দলবাজ, সুযোগ সন্ধানী, অদক্ষ হিসেবে প্রমাণিত করার জন্যও বর্তমান বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি অভিযোগ আনা হয়।

এদিকে লিফলেটের স্বরূপে বিশ্ববিদ্যালয়ের সর্বত্র তোলপাড় হওয়ার পর উপাচার্যের দায়িত্বনে গতকাল এক বৈঠক অনুষ্ঠিত হয় বলে জানা যায়। বৈঠকে লিফলেট প্রচারের নেপথ্যের লোক প্রিসেসে প্রক্টর আতিকুর রহমানকে দায়ী করা হয় এবং তাকে অপসারণের সিদ্ধান্ত দেওয়া হয়।

এদিকে নতুন দায়িত্বপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক আকা ফিরোজ আহমেদ বলেছেন, আমি এ বিষয়টিকে একাডেমিক দৃষ্টিকোণ থেকে দেখছি। বিশ্ববিদ্যালয়ে একটি পৃষ্ঠ পরিবেশ স্রষ্টাওজন এবং সে লক্ষ্যে আমি সকলের সহযোগিতা চাই।

অপসারিত প্রক্টর এস এম আতিকুর রহমানের বাসায় যোগাযোগ করা হলে তার বাসা থেকে বলা হয় তিনি বাসায় নেই। প্রসঙ্গত, অপসারিত প্রক্টর আতিকুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিনের জামাতা।

শামসুন্নাহার হলে পুলিশি হামলাকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ে চরম আন্দোলন বিস্ফোরকের মুখে গত বছর ৩১ জুলাই তৎকালীন ডিসি এবং প্রক্টর মুগ্ধপং পদত্যাগ করলে আতিকুর রহমানকে প্রক্টর হিসেবে দায়িত্ব দেওয়া হয়।